# ১৩/২০২২ ইং তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ কৃষি ও সেচ বিষয়ক কমিটির সভার কার্যবিবরনী।

স্মারক নং - স্থান- ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর এর কার্যালয়।

তারিখ-২৯/০৬/২০২২ ইং সময় ঃ সকাল- ১০.০০ ঘটিকা

| ক্রঃ নং | নাম ও পদবী | পদবী | স্বাক্ষরিত |
|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, ১নং মুকুন্দপুর ইউপি | সদস্য | স্বাক্ষরিত |
| ২ | চেয়ারম্যান, ৬নং জোতবানী ইউপি | সদস্য | স্বাক্ষরিত |
| ৩ | চেয়ারম্যান, ৫নং বিনাইল ইউপি | সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | নিকছন চন্দ্র পাল, উপজেলা কৃষি অফিসার, বিরামপুর | সদস্য সচিব | স্বাক্ষরিত |

আলোচ্য বিষয় সমূহঃ-

১। খরিপ-২/২০২২-২০২৩ মৌসুমে রোপা আমন আবাদ ও উৎপাদন।
২। আমন ফসল চাষাবাদে আদর্শ বীজতলা তৈরী,লাইন,লোগো,পার্চিং ও আলোক ফাঁদ এর ব্যবহার ।
৩। বিবিধ।

অদ্যকার সভা নিম্ন স্বাক্ষরকারীর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। শুরুতেই উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয় এবং উপজেলা কৃষি অফিসার বিরামপুরকে আলোচ্য বিষয় সমুহ সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়।

১নং খরিপ-২/২০২১-২২ মৌসুমে রোপা আমন আবাদ ও উৎপাদন।

উপজেলা কৃষি অফিসার সভাকে অবহিত করেন যে, খরিপ-২/২০২১-২২ মৌসুমে রোপা আমন আবাদের লক্ষ্যমাত্রা ১৭৪৪৫ হে. এবং উৎপাদন লক্ষ্যমাত্রা ৭৮৯০৯ মে.টন নির্ধারণ করা হয়েছে। ইতি মধ্যে ৮৮৯ হেক্টরের বীজতলা তৈরী করা হয়েছে। বীজতলার চারার অবস্থা ভালো।

২নং আমন ফসলে আলোর ফাঁদ স্থাপন প্রকল্প গ্রহন ও বাস্তবায়ন-

উপজেলা কৃষি অফিসার সভাকে অবহিত করেন যে, রোপা আমন ধান ফসলে উপকারী ও ক্ষতিকর পোকার উপস্থিতি নিরুপন ও সে মোতাবেক ব্যবস্থা গ্রহনে আলোক ফাঁদ একটি ফলোপ্রসূ পদ্ধতি। এ পদ্ধতি ব্যবহার করে উপকারী ও ক্ষতিকর পোকা সনাক্ত করা যায় এবং ক্ষতিকর পোকামাকড় দমনে সঠিক সময়ে সঠিক ব্যবস্থা গ্রহন করা যায়। ফলে উৎপাদন বৃদ্ধি পায়। আলোক ফাঁদ স্থাপনে একটি প্রকল্প গ্রহন করা যায়। এ ব্যপারে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উপজেলা কৃষি অফিসার, বিরামপুর, দিনাজপুর মহোদয়কে আলোর ফাঁদ স্থাপনে প্রকল্প প্রনয়ন পূর্বক উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুরে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

৩নং বিবিধ আলোচনা-

উপজেলা কৃষি অফিসার সভাকে অবহিত করেন যে, রবি মৌসুমে ১৫২০০ হে. জমিতে বোরো ফসলের আবাদ হয়েছে এবং উৎপাদন লক্ষ্যমাত্রা ৬৫৯০৪ মে. এর বিপরীতে ৬৭১৩১ মে.টন বোরো উৎপাদন হয়েছে। বোরো ধানের বাজার দর ভালো থাকায় কৃষকেরা লাভবান হয়েছেন। ধানের বাজার দর স্থিতিশীল থাকলে আমন ধানের আবাদ ও উৎপাদন বৃদ্ধি পাবে। খরিপ-২/২০২২-২৩ মৌসুমে কৃষি উপকরনাদি (বীজ ও সার) প্রাপ্তির, সরবরাহ ও মূল্য স্বাভাবিক রয়েছে। বীজ ও সারের মনিটরিং জোরদার করা হয়েছে।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কাজ সমাপ্ত ঘোষনা করা হয়।

মো: মোজাম্মেল ইসলাম

সভাপতি
উপজেলা পরিষদ কৃষি ও সেচ বিষয়ক কমিটি
ও
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

স্মারক নং-১২.১৮.২৭১০.০৪১.৯৯.০১৮.১৮. (৬)

তারিখ- ৩১/০৮/২০২২ খ্রী.

অনুলিপি-সদয় অবগতির জন্যঃ

১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
২) উপজেলা নির্বাহী অফিসার ও সদস্য সচিব, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
৩) উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি, বিরামপুর, দিনাজপুর।
৪-৬) চেয়ারম্যান ..................................ইউপি, বিরামপুর, দিনাজপুর।